ঝিনাইদহ-১ আসনের এমপি আব্দুল হাইয়ের রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, ঝিনাইদহ-১ আসনের বার বার নির্বাচিত সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই’র রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ জেলা মুক্তিযোদ্ধা সংসদের কার্যালয়ে এ দোয়ার আয়োজন করে জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন। সেসময় বীর মুক্তিযোদ্ধা এম এ সামাদ, ছিদ্দিক আহমেদ, মছির উদ্দিন, জিল্লুর রহমান তাতার, গোলাম মোস্তফা লোটনসহ অন্যান্য মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই বর্তমানে থাইল্যান্ডের রাজধানী ব্যাংকরের বামরুনগ্রাদ আন্তর্জাতিক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। নিউমোনিয়া ও লিবারের সমস্যায় তিনি ঢাকার ল্যাব এইড হাসপাতালের সিসিইউতে ভর্তি ছিলেন। রোববার সকালে এয়ার এ্যাম্বুলেন্সে উন্নত চিকিৎসার জন্য তাকে থাইল্যান্ডে নেওয়া হয়েছে। হাসপাতালে ভর্তির পর তার শারিরীক অবস্থার কিছুটা উন্নতি হয়েছে বলে জানা গেছে।

সবাই মিলে এই মিরপুর উপজেলাকে এগিয়ে নিতে চাই — কামারুল আরেফীন

কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের নবনির্বাচিত সংসদ সদস্য কামারুল আরেফীন বলেছেন, সবাই মিলে এই মিরপুর উপজেলাকে এগিয়ে নিতে চাই। আমি এই উপজেলা পরিষদের চেয়ারম্যান ছিলাম। এখন জনগনের ভোটে

এমপি নির্বাচিত হয়েছি। আমি সাধারণ মানুষের সেবা দিতে এসেছি। তিনি বলেন, কৃষি উন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা গ্রহন করা হয়েছে। শিক্ষার মান উন্নয়নের জন্য কাজ করতে হবে। বিভিন্ন গবাদিপশু পালন ও মৎস খামার প্রকল্পের মাধ্যমে বেকার কর্মসংস্থান তৈরি করতে কর্মসূচি গ্রহন করা হয়েছে বলেও জানান তিনি।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারী) সকালে মিরপুর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানদের সাথে মতবিনিময় সভায় তিনি একথা বলেন।

তিনি বলেন, আমার এই উপজেলার অবহেলিত মানুষ আমার মুখের দিকে চেয়ে আছে। এই উপজেলার মানুষের সবচেয়ে বেশি প্রয়োজন আর সেটি হলো স্বাস্থ্য সেবা। হাসপাতালের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে শীঘ্রই মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রে ৪১ লাখ টাকার উন্নয়ন কাজ হবে।

তিনি বলেন, আমি সাধারণ জনগনের সেবা ও মিরপুর উপজেলার ভাগ্য উন্নয়নের মাধ্যমে মডেল একটি উপজেলা গড়ার জন্য আপনাদের সাথে নিয়ে কাজ করবো। মানব কল্যাণ ও অবহেলিত মিরপুর উপজেলার ভাগ্যউন্নয়ন এটাই আমার মূল লক্ষ্য।

উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে এমপি মহোদয় বলেন, আপনারা নিজ স্থানে থেকে মিরপুর উপজেলায় বিভিন্ন ধরনের মডেল প্রকল্প তৈরি করবেন। সেটা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাধ্যমে বাস্তবায়নের দ্বায়িত্ব আমার। আগামী পাঁচ বছরের মধ্যে আমি আমার মিরপুর উপজেলায় কৃষি, মৎস,গরীব,আসহায় ও বেকার যুবকদের ভাগ্য উন্নয়নের চিত্র পরিবর্তন করবো। একই সাথে সরকারী কর্মকর্তারা সততার সাথে নিজেকে মেলে ধরে ভালো কাজ করলে বছর শেষে তাদের পুরষ্কৃত করা হবে। আপনাদের সকলের সহযোগিতার মাধ্যমে আমি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহযোগিতায় একটি মডেল উপজেলা গড়বো।

মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. জহুরুল ইসলামের সভাপতিত্বে মতবিনিময় সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান (ভার:) আবুল কাশেম জোয়ার্দার, সহকারি কমিশনার (ভূমি) মো. হারুন অর রশিদ, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, উপজেলা কৃষি অফিসার আব্দুল্লাহ আল মামুনসহ উপজেলায় কর্মরত সকল দপ্তর প্রধানগন।

আমঝুপিতে মেহেরপুর জেলা বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচনে ডামি সরকারের আমলে দ্রব্যমূল্য বৃদ্ধি ক্রমবর্ধমান খুন, ধর্ষণ, গ্যাস ও জ্বালানী সংকটের প্রতিবাদ এবং গণতন্ত্র ও মানবাধিকার, ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠার পাশাপাশি মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার আহবান জানিয়ে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে ‘দেশ বাঁচাও মানুষ বাঁচাও’ স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ ও গণসংযোগ করা হয়েছে।

গতকাল রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে লিফলেট বিতরণ ও গণসংযোগ করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে গণসংযোগ ও লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, সহ সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির প্রমুখ ।

কোটচাঁদপুরে বিএনপির লিফলেট বিতরণ

ডামি নির্বাচনে ডামি সরকারের আমলে দ্রব্যমূল্য বৃদ্ধি ক্রমবর্ধমান খুন, ধর্ষণ, গ্যাস ও জ্বালানী সংকটের প্রতিবাদ এবং গণতন্ত্র ও মানবাধিকার, ভোটাধিকার পুনঃপ্রতিষ্ঠার পাশাপাশি মাতৃভূমির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার আহবান জানিয়ে

ঝিনাইদহের কোটচাদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে ‘দেশ বাঁচাও মানুষ বাঁচাও’ স্লোগান সম্বলিত লিফলেট বিতরণ করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে পৌর শহরের বিভিন্ন এলাকায় এ লিফলেট বিতরণ করা হয়।

লিফলেট বিতরণের সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সাধারন সম্পাদক আবুল কাশেম, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু, উপজেলা বিএনপির দপ্তর সম্পাদক শহীদুল ভুইয়া, পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক হুমায়ুন কবির মিলন, পৌর বিএনপির প্রচার সম্পাদক কাজী মোস্তাক, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খান মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা কৃষকদলের আহ্বায়ক রফিকুল ইসলাম ও সদস্য সচিব আবুল কাশেম বাবু, পৌর কৃষক দলের আহ্বায়ক কৃষিবিদ ফিরোজ উদ্দিন মানিক ও সদস্য সচিব মিজান সরকার, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, সদস্য সচিব হাফিজুর রহমান, উপজেলা ছাত্র দলের সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, উপজেলা মৎসজীবি দলের সদস্য সচিব আজিম হোসেন, পৌর ছাত্র দলের সদস্য সচিব ফজলে রাব্বি, উপজেলা যুবদলের যুগ্ম-আহ্বায়ক শরিফুল ইসলাম শান্ত,রিয়ন আহমেদ, পৌর যুবদলের যুগ্ম আহ্বায়ক মনির হোসেন টুটুল, রিয়াজ হোসেন বেনজামিন, নাহিদ হোসেন টিপু, দোড়া ইউনিয়ন যুবদলের আহ্বায়ক ও সাবেক ইউপি সদস্য মুহিদুল ইসলাম, যুবদল নেতা ইমরান, সোহান, ফয়সল, উপজেলা ছাত্রদলের যুগ্ম-আহ্বায়ক জাহিদুল ইসলাম সোহেল, পৌর ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক সাইহাফ আল জাবির, কৃষকদল নেতা কামরুল, সাগর, আলফা প্রমুখ।

এ সময় উপজেলা ও পৌর বিএনপি এবং সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরাও উপস্থিত ছিলেন।

“দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা”–জনপ্রশাসন

মন্ত্রী

জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, কোনো দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা। অপরাধীদের কোনো দল নাই। তারা অপরাধী। নিজ জেলায় সংবর্ধিত হয়ে এসব কথা বলেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

আজ শুক্রবার (১৬ ফেব্রুয়ারি) বিকালে মেহেরপুর শহরের ৪ নম্বর ওয়ার্ড শেখপাড়াতে আওয়ামী লীগ ও শেখপাড়া ভোরের ছোঁয়া যুব সংঘ নামের একটি সংঘনের উদ্যোগে জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনকে সংবর্ধনা দেয়া হয়।

৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত হোসেনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংবর্ধিত মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, শহর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভোরের ছোঁয়া যুব সংঘের সাধারণ সম্পাদক ফাহাদ খান।এর আগে জনপ্রসাশন মন্ত্রী ফারহাদ হোসেনকে ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগ ও ভোরের ছোঁয়া যুব সংঘের পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে প্রধান অতিথি জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, মানুষ অন্যায়, অনিয়ম, দুর্বৃত্তের বিরুদ্ধে এবং শান্তি ও উন্নয়নের পক্ষে ভোট দিয়েছেন। মানুষের দু:খ দূর্দশা লাঘবে পৌরসভার প্রতিটি ওয়ার্ডের মানুষের মাঝে গিয়ে তাদের কথা শুনা হবে। মানুষের কথাগুলো শুনে, তাদের চাহিদাগুলো চিহ্নিত করে পৌরবাসির উন্নয়ন কাজ করা হবে।

মেহেরপুর পৌর এলাকার রাস্তা ঘাট, ড্রেনেজ ব্যবস্থা ও মশার উপদ্রুব বৃদ্ধি পাওয়ায় ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, মেহেরপুর পৌর এলাকার সকল কাজ এখন থেকে বুঝে নেওয়া হবে। উন্নয়ন কাজের কোনো দুর্ণিতী অনিয়ম সহ্য করা হবেনা। কাজ সুষ্ঠু নাহলে ব্যবস্থা নেওয়া হবে।

মন্ত্রী বলেন, উন্নয়ন সুনিশ্চিত করতে মানুষ ভোটের মাধ্যমে আমাকে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন। তাই এখন থেকে কি ছিলো আর কি ছিলোনা এটা ভাবার সময় নেই। জেলার সকল উন্নয়ন করা হবে।

এখন থেকে মেহেরপুর জেলাকে বাংলাদেশের মধ্যে উন্নত জনপদ হিসেবে গড়ে তোলার স্বপ্নকে বাস্তবায়ন করা হবে।

আগামি পাঁচ বছরে আমাদের ও আমাদের সন্তানদের জন্য গুরুত্বপূর্ণ সময় উল্লেখ করে মন্ত্রী আরও বলেন, আগামি পাঁচ বছরে মেহেরপুর জেলাকে নিয়ে মহাপরিকল্পনা করা হয়েছে। ব্যাপক উন্নয়ন হবে এই জেলায়।
তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেহেরপুর জেলাবাসিকে অনেক সম্মান দিয়েছেন।

মন্ত্রী বলেন, মেহেরপুর জেলা বাংলাদেশের ছোট্ট জেলা হলেও এই জেলার ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। মুক্তিযুদ্ধের সূতিকাগার ও বাংলাদেশের প্রথম রাজধানী। তাই এখানে রাজাকারের সন্তান ও রাজাকারের নাতি নাতনিরা অনুপযুক্ত।

আগামীতে এই জেলাকে মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ করতে হবে। কোনো রাজাকারের বাচ্চারা জনপ্রতিনিধি হয়ে না আসতে পারে সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে।

তিনি বলেন, কোনো দূর্বৃত্তায়ন, অন্যায়, অনিয়ম বরদাস্ত করা হবেনা। অপরাধীদের কোনো দল নাই। তারা অপরাধী। মানুষ শান্তিতে থাকবে, কারোর জমি দখল না হয়, কেউ যেনো চাঁদাবাজি না করতে পারে, কেউ যেনো স্বর্ণ পাচার, মাদক ব্যবসা না করতে পারে,জাল স্ট্যাম্প বিক্রি না করতে পারে এজন্য সবাইকে স্বোচ্চার থাকার আহবান জানান তিনি।

উন্নত ও সমৃদ্ধ মেহেরপুর গড়ার প্রত্যয় ব্যক্ত করে জনপ্রশাসন মন্ত্রী বলেন, আগামী পাঁচ বছরের মধ্যে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের কাজ, রেল সংযোগের উন্নয়ন, মেহেরপুর জেলার আড়াইশ বেডের হাসপাতালেটি উন্নত করে এখানে ৫৮ জন চিকিৎসক নেয়া এবং নার্সিং ইনস্টিটিউটের কাজ শেষ হবে।
এছাড়া আগামি দেড় বছরের মধ্যে, মেহেরপুর- কুষ্টিয়া আঞ্চলিক সড়কের কাজ পরিপূর্ণভাবে শেষ হবে বলেও জানান তিনি।

সম্বর্ধনা শেষে মেহেরপুর শহরের ৪নং ওয়ার্ডের শেখপাড়া,

কালাচাঁদপুর, নতুনপাড়া ও মাঠপাড়ায় গণসংযোগ করেন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

মেহেরপুর সদরের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পমালো অর্পণ

মেহেরপুর সদর উপজেলা (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পাওয়ায় মুজিবনগর স্মৃতিসৌধের পুষ্পমালা অর্পণ করেছে সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা।

আজ শুক্রবার দুপুরে যুব মহিলা লীগের নেত্রীদের নিয়ে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান তিনি।

এ সময় মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বুশরা পলি,সাধারণ সম্পাদিকা অ্যাডভোকেট রুতশোভ মন্ডল, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদিকা তহমিনা খাতুন, মেহেরপুর সদর উপজেলা যুব মহিলা লীগের সাধারণ সম্পাদিকা রোজিনা খাতুন,পৌর কাউন্সিলর শারমিন আক্তার শিলা, মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মতিউর রহমান মতিন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি ও ইউপি সদস্য ডালিম হোসেন, বাগোয়ান ইউনিয়ন ১ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ সময় লতিফুন নেছা লতা উপজেলা (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পাওয়ায় জনপ্রশাসন মন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন ও তার সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলামকে ধন্যবাদ জানান।

গাংনীর কাথুলীতে নবনির্বাচিত এমপি নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা

গাংনীর কাঁথুলী ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৭৪ মেহেরপুর ২ গাংনী আসনের নবনির্বাচিত এমপি আবু সালেহ মোঃ নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকেল ৩ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদ চত্বরে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজার সঞ্চালনায় ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক ত্রাণ ও সমাজ কল্যাণ সম্পাদক ও ১নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের জনসাস্থ্য বিষয়ক সম্পাদক ও ৭৪ মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, গাংনীর পৌর মেয়র আহমেদ আলী, গাংনী পৌরসভার সাবেক মেয়র মোঃ আশরাফুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক সহ ১ নং ওয়ার্ডের ইউপি সদস্য বাবুল আক্তার, ২নং ওয়ার্ডের ইউ পি সদস্য জিনারুল ইসলাম, ৩নং ওয়ার্ডের ইউ পি সদস্য আশরাফুল ইসলাম, ৪ নং ওয়ার্ডের ইউপি সদস্য আনারুল ইসলাম, ৫ নং ওয়ার্ডের ইউপি সদস্য ফারুক হোসেন, ৬ নং ওয়ার্ডের ইউ পি সদস্য হোসাইন মোহাম্মদ, ৭ নং ওয়ার্ডের ইউ পি

সদস্য আজমাইন হোসেন টুটুল, ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য কাবের আলী ও ৯ নং ওয়ার্ডের ইউ পি সদস্য আনারুল ইসলাম, এবং কাথুলী ইউনিয়নের বিভিন্ন গ্রামের বীর মুক্তিযোদ্ধা বৃন্দ সহ কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক মন্ডলী, যুবলীগ ছাত্রলীগ, কৃষকলীগ, তাঁতীলীগ, স্বেচ্ছাসেবক লীগের নেতা বর্গ উপস্থিত ছিলেন।

এ সময় প্রধান অতিথির বক্তবে সংসদ সদস্য আবু সালেহ মোঃ নাজমুল হক সাগর জানান আপনারা আমাকে না দেখে ব্যালটের মাধ্যমে ভোট দিয়ে নির্বাচিত করেছেন এবং আজকে আপনাদের সামনে দুটি কথা বলার সুযোগ করে দিয়েছেন। আমি চাই আপনাদের সাথে থেকে গাংনীর প্রতিটি প্রান্তরে উন্নয়নের বিপ্লব ঘটাতে চাই, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা দেশরত্ন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৪১ সালের স্মার্ট বাংলাদেশ বিনির্মানে আমরা গাংনী বাসী সেই উন্নয়নের অংশীদার হতে চাই, আরেকটি কথা এই নির্বাচন কে কেন্দ্র করে ভোটের সময় বিভিন্নভাবে বিভিন্ন দিকে মানুষ ভোট করেছে আমি বলব ভেদাভেদ ভুলে গিয়ে প্রতিহিংসা দূরে রেখে আগামীর গাংনীর সর্বোচ্চ উন্নয়ন ঘটাতে আপনারাও আমাদের সাথে অংশ নিন একটি মডেল গাংনী উপহার দিতে আমি আপনাদের সাথে নিয়ে কাজ করতে চাই। তাই আসুন আমরা কাধে কাধ মিলিয়ে এক সাথে বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়ন করি। আপনারা পাশে থাকলে আগামী দিনে গাংনী হবে স্মার্ট গাংনী, আগামী দিনে গাংনী হবে একটি মডেল গাংনী, আগামী দিনে গাংনী হবে বাংলাদেশের অন্যতম উপজেলা যে উপজেলা বাংলাদেশের মানুষের কাছে পরিচিত পাবে। তাই আপনারা যদি আমার পাশে থাকেন আপনাদের সাথে নিয়ে এই গাংনীর স্কুল, কলেজ, প্রাথমিক বিদ্যালয়, রাস্তাঘাট, মসজিদ, মাদ্রাসা, ব্রীজ, কালভার্ট থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের ছোয়া লাগাতে চাই।

কুষ্টিয়ায় সংরক্ষিত নারী আসনে

মনোনয়নপত্র জমা দিলেন মেহেরুন্নেসা

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে প্রার্থী হতে দলীয় মনোনয়নপত্র জমা দিয়েছেন বাংলাদেশ মহিলা শ্রমিক লীগের কেন্দ্রীয় কমিটির সহসভাপতি ও কুষ্টিয়া জেলা মহিলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক মেহেরুন্নেসা বিউটি।

আজ শনিবার বেলা ১২ টায় বঙ্গবন্ধু অ্যাভিনিউর আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেন তিনি।

দলীয় মনোনয়ন নিয়ে মেহেরুন্নেসা বিউটি সাংবাদিকদের বলেন, আমার রাজনৈতিক জীবনে প্রতিটি আন্দোলনে আমি প্রত্যক্ষভাবে অংশ নিয়েছি। সেই সুবাদে আমি মনোনয়ন নিয়ে আশাবাদী। মূলত যারা মনোনয়নপত্র জমা দিয়েছেন, প্রত্যেককেই যোগ্য বলে মনে করি। কিন্তু এই সিদ্ধান্ত সম্পূর্ণ নেত্রীর হাতে। নেত্রী আমাকে যোগ্য মনে করলে আমি মনোনয়ন পাবো।

তিনি আরও বলেন, আমি সবসময় মানুষের উপকার করার চেষ্টায় থাকি। কুষ্টিয়াবাসীর জন্য ভালো কাজ করার জন্য আমি সদা প্রস্তুত। এবার সংরক্ষিত আসনের এমপি হলে ইনশাল্লাহ আরও ভালোভাবে কুষ্টিয়াবাসীর জন্য কাজ করবো।

উল্লেখ্য, দ্বাদশ জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের জন্য ৬ ফেব্রুয়ারি (মঙ্গলবার) সকাল ১০টা থেকে মনোনয়নপত্র বিক্রি শুরু করে আওয়ামী লীগ। বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) বিকাল ৪ টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহ করা হয়।

মেহেরপুরে সংরক্ষিত নারী এমপি

প্রত্যাশী ৭ নেত্রীর মনোনয়ন ফর্ম উত্তোলন

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন পাবার লক্ষ্যে মেহেরপুর থেকে মনোনয়ন ফরম তুলেছেন সাত নারী নেত্রী।

গত বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি পর্যন্ত মনোনয়ন ফরম তোলার শেষ দিন দিনে তারা এই ৭ জন মনোনয়ন জমা দিয়েছেনও বলে জানা গেছে।

মনোনয়ন ফরম যারা তুলেছেন তারা হলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সদস্য শামিম আরা হীরা, জেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি তহমিনা খাতুন, সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন, গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি আঞ্জুমান আরা, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কাকুলি খাতুন।

মনোনয়ন প্রত্যাশীদের ফেসবুক ওয়াল ও দলীয় নেতা নেত্রীদের সাথে কথা বলে মনোনয়ন ফর্ম উত্তোলণ ও জমা দেওয়ার বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক জানান, দলীয়ভাবে কোন তথ্য আমার কাছে নেই তবে আমি শুনেছি মেহেরপুর ও গাংনী থেকে আট জন নেত্রী মনোনয়ন ফরম তুলেছেন।

তিনি আরো জানান, গত সংসদ নির্বাচনে দলীয় কেন্দ্রীয় ভাবে তিনজনের নাম প্রস্তাব করা হয়েছিল কিন্তু এবার কেন্দ্র থেকে কোন নির্দেশনা না আসায় আমরা কারো নাম প্রস্তাব করিনি আগামী ১৩ অথবা ১৪ তারিখের মধ্যে মনোনয়ন কনফার্ম হবে বলে জানতে পেরেছি।

ঝিনাইদহ যুবলীগ নেতা বিপ্লবের মোটরসাইকেল শো-ডাউন

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা ঝিনাইদহ সদর উপজেলা বাসীর মাঝে তুলে ধরতে মোটরসাইকেল শো-ডাউন করেছেন যুবলীগ নেতা নুরে-এ আলম বিপ্লব।

গতকাল বৃহস্পতিবার বিকেলে শহরের পানি উন্নয়ন বোর্ড এলাকা থেকে কয়েক’শ আওয়ামী লীগ, যুবলীগের নেতাকর্মীদের সাথে নিয়ে তিনি শো- ডাউন শুরু করেন। সেখান থেকে শহরের বিভিন্ন স্থান ও সদর উপজেলার বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করেন তিনি। এছাড়াও বিভিন্ন স্থানে পথসভা অংশ নেয়।

সেসময় বাংলাদেশের চলমান উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান তুলে ধরেন তিনি। সেই সাথে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন করার প্রতিশ্রুতি ব্যক্ত করে সকলের কাছে দোয়া কামনা করেন নুরে-এ আলম বিপ্লব।